# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৬১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৮. যে ব্যক্তি রুকূ‘তে স্বীয় পিঠ সোজা করে না

بابُ صَلاَةِ مَنْ لاَ يُقِيمُ صُلْبَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

حَدَّثَنَا عَبَّادُ بْنُ مُوسَى الْخُتَّلِيُّ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، ـ يَعْنِي ابْنَ جَعْفَرٍ ـ أَخْبَرَنِي يَحْيَى بْنُ عَلِيِّ بْنِ يَحْيَى بْنِ خَلاَدِ بْنِ رَافِعٍ الزُّرَقِيُّ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنْ رِفَاعَةَ بْنِ رَافِعٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَصَّ هَذَا الْحَدِيثَ قَالَ فِيهِ " فَتَوَضَّأْ كَمَا أَمَرَكَ اللَّهُ جَلَّ وَعَزَّ ثُمَّ تَشَهَّدْ فَأَقِمْ ثُمَّ كَبِّرْ فَإِنْ كَانَ مَعَكَ قُرْآنٌ فَاقْرَأْ بِهِ وَإِلاَّ فَاحْمَدِ اللَّهَ وَكَبِّرْهُ وَهَلِّلْهُ " . وَقَالَ فِيهِ " وَإِنِ انْتَقَصْتَ مِنْهُ شَيْئًا انْتَقَصْتَ مِنْ صَلاَتِكَ "

ـ صحيح

বাংলা

৮৬১। রিফা’আহ ইবনু রাফি’ (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে উপরোক্ত হাদীস বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ মহান আল্লাহর নির্দেশ অনুযায়ী উযূ করো, তারপর শাহাদাত পাঠ করো। তারপর দাঁড়িয়ে আল্লাহু আকবার বলার পর কুরআনের মুখস্ত অংশ পাঠ করো। অন্যথায় আলহামদুলিল্লাহ, আল্লাহু আকবার ওয়া লা ইলাহা ইল্লাল্লাহ পাঠ করো। তাতে আরো রয়েছেঃ এর থেকে কিছু বাদ দিলে তুমি তোমার সালাতকে ত্রুটিপূর্ণ করলে।[1]

সহীহ।

## English

Rifa’ah b. Rafi has also narrated this tradition through a different chain from the Messenger of Allah(ﷺ). This version goes:
Then perform ablution in a way Allah, the exalted, has command you, then

say the shahadah and get up and say the takbir. Then if you know any of the Qur'an, recite it; otherwise say: "Praise be to Allah"; "Allah is most great"; " There is no god but Allah" He ( the narrator) also said in this version: If some defect remains in this, that detect will remain in your prayer.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : আযান, অনুঃ সালাত আদায়কারীর ইক্বামাত দেয়া, হাঃ ৬৬৬), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ সালাতের বৈশিষ্ট্য, হাঃ ৩০২), ইবনু খুযাইমাহ (হাঃ ৫৪৫) সকলে ইসমাঈল ইবনু জা'ফার হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ রিফা'আহ ইবনু রাফি' যুরাকী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58179

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন